

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল  
জাতীয় স্কাউট ভবন (১২ ও ১৩ তলা)  
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক  
কাকরাইল, ঢাকা-১০০০।  
[www.jamuka.gov.bd](http://www.jamuka.gov.bd)

নম্বর-৪৮.০২.০০০০.০০১.০০২৭৭.১৬.৪৫৪

তারিখঃ ১০ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঃ  
২৪ মে, ২০২১ খ্রিঃ

### সংশোধিত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল আইন, ২০০২” এর ধারা ৭(ঝ) ব্যত্যয় ঘটিয়ে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের অনুমোদন ব্যতীত যে সকল বেসামরিক গেজেট প্রকাশিত হয়েছে তা’ নিয়মিতকরণের লক্ষ্যে গত ৩০/০১/২০২১ খ্রিঃ ও ০৬/০২/২০২১ খ্রিঃ তারিখে যাচাই-বাছাই করা হয়েছে। উক্ত যাচাই-বাছাই প্রতিবেদনে (দ্বিধাবিভক্ত এবং নামঞ্জুর কৃতদের) সংস্কৃক ব্যক্তি/উত্তরাধিকারীগণকে ০১ এপ্রিল, ২০২১ হতে ৩১ মে, ২০২১ তারিখ এর মধ্যে নির্ধারিত ফরমে আপীল আবেদন করার জন্য অনুরোধ করা হয়েছিল। কিন্তু দেশে বর্তমানে করোনা মহামারি বিবেচনায় উক্ত আপীল আবেদন জমাদানের সময় আগামী ৩০ জুন, ২০২১ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। আপীল আবেদন ফরম জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল এর ওয়েবসাইট ([www.jamuka.gov.bd](http://www.jamuka.gov.bd)) প্রকাশ করা হয়েছে। নির্ধারিত সময়ের পরে দাখিলকৃত এবং অসম্পূর্ণ আপীল আবেদন গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।



(মোঃ জহুরুল ইসলাম রোহেল)  
মহাপরিচালক  
(অতিরিক্ত সচিব)  
ফোনঃ ০২-৯৩৩৭০৮৮  
ই-মেইল-dg@jamuka.gov.bd